আলমডাঙ্গায় বিএনপির নির্বাচনী জনসভায় গণজাগরণের ডাক দিলেন শরিফুজ্জামান

আলমডাঙ্গায় বিএনপি’র বিশাল নির্বাচনী জনসভায় শরিফুজ্জামান শরিফ ধানের শীষের পক্ষে গণজোয়ারের ডাক দিলেন।

আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে এক বিশাল নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে। বিকাল ৩টার সময় আলমডাঙ্গা বড় ফুটবল মাঠে আয়োজিত এই সভায় নেতা-কর্মীদের ব্যাপক উপস্থিতি ও সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মাঠ কানায় কানায় পূর্ণ হয়ে ওঠে।

নির্বাচনী এই জনসভায় সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাউনাইন টিলু। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী শরিফুজ্জামান শরিফ। সভায় স্থানীয় বিএনপি’র শীর্ষ পর্যায়ের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন এবং বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে ধানের শীষের বিজয় নিশ্চিত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী শরিফুজ্জামান শরিফ। তিনি তাঁর বক্তব্যে বলেন, “দেশের গণতন্ত্র রক্ষা এবং সাধারণ মানুষের অধিকার ফিরিয়ে দিতে ধানের শীষের জয়ের কোনো বিকল্প নেই।” তিনি ভোটারদের নির্ভয়ে ভোটকেন্দ্রে গিয়ে তাদের ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানান।শরিফুজ্জামান শরিফ এলাকার উন্নয়নে সুনির্দিষ্ট পরিকল্পনা তুলে ধরেন এবং সাধারণ মানুষের পাশে থাকার প্রতিশ্রুতি দেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র নেতা ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি এ্যাড. ওয়াহিদুজ্জামান বুলা, বিএনপি নেতা খন্দকার আব্দুল জব্বার সোনা, জেলা বিএনপি’র সাংগাঠনিক সম্পাদক সফিকুল ইসলাম পিটু, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সহ-সভাপতি আক্তার হোসেন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু।

আনোয়ার হোসেনের উপস্থাপনায় বক্তব্য রাখেন, বিএনপি নেতা ইউপি

চেয়ারম্যান তবারক হোসেন, বোরহান উদ্দিন, শেখ সাইফুল ইসলাম, আনিছুর রহমান, সাবেক চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু, সেলিমুল হাবিব, সেলিম চেয়ারম্যান, মোমিন মালিতা, মীর উজ্জ্বল হোসেন, খন্দকার আব্দুল কাদের, মাগরিবুর রহমান, তন্ময় প্রমুখ।

বিশাল জনসমাগমে দুপুরের পর থেকেই খণ্ড খণ্ড মিছিল নিয়ে আলমডাঙ্গার বিভিন্ন ইউনিয়ন থেকে নেতা-কর্মীরা বড় ফুটবল মাঠে জড়ো হতে থাকেন।

স্লোগান ও উদ্দীপনায় সভা চলাকালীন ধানের শীষ ও বিএনপি’র সমর্থনে মুহুর্মুহু স্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো এলাকা।

উপস্থিত বক্তারা এই জনসভাকে আলমডাঙ্গার রাজনীতিতে এক মাইলফলক হিসেবে অভিহিত করেন এবং আগামী নির্বাচনে বিপুল ভোটে জয়লাভের আশাবাদ ব্যক্ত করেন।

দর্শনায় বিএনপি-জামায়াত সংঘর্ষ, আহত -৬; নির্বাচনী কার্যালয় ভাংচুরের অভিযোগ

চুয়াডাঙ্গার দর্শনায় বিএনপি-জামায়াত সংঘর্ষে উভয় পক্ষের ৬ জন আহত হয়েছেন। নির্বাচনী কার্যালয় ভাংচুরের অভিযোগ উঠেছে।

গত শুক্রবার রাত ৯ টার দিকে দর্শনা থানার উজলপুর গ্রামে শ্লোগান দেয়া নিয়ে বিএনপি-জামায়াত কর্মীদের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের ৬ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। গতকাল শনিবার সকালে দুটি দলের পক্ষ থেকে লিখিত অভিযোগ করেছে বলে পুলিশ জানিয়েছে।

রাতেই জেলা পুলিশের একটিদল সহ যৌথ বাহিনী ঘটনাস্থল পরিদর্শন করেছে। পুলিশ ও এলাকাবাসিরা জানান, ঐদিন রাত ১০ টার দিকে দর্শনা উজলপুর গ্রামে বিএনপির একটি মিছিল বের হয়ে একই গ্রামের জামায়াত ইসলামীর কার্যালয়ের সামনে পৌছিলে কথা কাটাকাটি শুরু হয়। কিছুক্ষণ পর উভয়ের মধ্যে সংঘর্ঘে জামায়াত সমর্থিত হাসান তারিখ

(৫০)মেহেদি হাসান (৩৪) তারিকুল (৩০) ও বিএনপি সমর্থক মজিবর (৪০)জুনায়েদ সাকি(৩৪) রাকিব আলি (১৫) তাজুল হক (২০)বাবু ইসলাম
(২২) সহ ৮/১০ জন আহত হয় বলে উভয় পক্ষ দাবি করেছে।

দর্শনা থানার বেগমপুর ইউনিয়ন জামায়াতের আমির মোঃ মোশারেফ হোসেন জানান বিএনপির মিছিল থেকে এক মদ্যাপ ব্যাক্তি আমাদের নির্বাচনি অফিসে ঢুকে বাজে মন্তব্য করলে উভয়ের মধ্যে সংঘর্ষ বেধে যায়, পরে আমাদের অফিসের চেয়ার সহ আসবাব পত্র ভাংচুর করে, যা থানায় অভিযোগ করা হয়েছে। দর্শনা বেগমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সেক্রেটারি জনাব আসলাম আলি জানান জামায়াতের লোকজন মিথ্যা অভিযোগ তুলে রাতে মারামারি বাধিয়েছে, যা থানায় অভিযোগ করেছি।

দর্শনা থানার ওসি জনাব মেহেদি হাসান জানান উভয় পক্ষই পৃথক অভিযোগ করেছে, তদন্তের জন্য উর্ধ্বতন কতৃপক্ষকে জানানো হয়েছে। চুয়াডাঙা সহকারি পুলিশ সুপার জনাব আনোয়ারুল কবির জানান খবর শোনার পরে রাতেই বিজিবি ও পুলিশের টহল নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি, পরিস্হিতি শান্ত রয়েছে।

মেহেরপুর পৌর ছাত্রদলের উদ্যোগে মাসুদ অরুনের পক্ষে নির্বাচনী মিছিল

মেহেরপুর পৌর ছাত্রদলের উদ্যোগে মেহেরপুর-১ আসনের বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মাসুদ অরুনের পক্ষে গণসংযোগ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেলে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার থেকে পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহির নেতৃত্বে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় পৌর কমিউনিটি সেন্টারের সামনে এসে শেষ হয়।

মিছিল চলাকালে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত

চেয়ারম্যান তারেক রহমানের মুক্তির দাবিতে বিভিন্ন স্লোগান দেওয়া হয়। পাশাপাশি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুনকে বিজয়ী করার আহ্বান জানানো হয়।

এসময় মিছিলে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাইদ রফিক, মেহেরপুর জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব শেখ রাব্বিসহ পৌর ও জেলা ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

দর্শনায় ধানের শীষের পক্ষে শহরে মিছিল ও সমাবেশ

দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক মুকুল শাহ ও ইকবাল হোসেনের নেতৃত্বে ধানের শীষের মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা ১১ টার দিকে ধানের শীষের পক্ষে দর্শনা শহরে একটি নারী মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ মিছিলটি দর্শনা পুরাতন বাজার সোসাইট চত্বর থেকে ধানের শীষের পক্ষে একটি মিছিল দর্শনা শহর প্রদক্ষিণ করেছে। দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক কমিটির সদস্য ও দর্শনা সরকারী কলেজের সাবেক জিএস এনামুল হক শাহা মুকুল ও দর্শনা পৌর সাবেক ছাত্র দলের সভাপতি ও সাবেক সিনিয়ার যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেনের নেত্রীতে এ নারী মিছিলটি বের হয়।

দর্শনা সোসাইট চত্বর থেকে ধানের শীষের পক্ষে মিছিলটি বের হয়ে দর্শনা শহর প্রদক্ষিণ করে পুরাতন বাজার সোসাইট চত্বরে এসে সমাবেশ করেন।

সমাবেশে বক্তব্য রাখেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক কমিটির সদস্য ও দর্শনা সরকারী কলেজের সাবেক জিএস এনামুল হক শাহা মুকুল ও

দর্শনা পৌর সাবেক ছাত্র দলের সভাপতি ও সাবেক সিনিয়ার যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেন, টুটুল শাহ, অপু, বকুল শাহ প্রমুখ।

মেহেরপুরের বুড়িপোতায় ধানের শীষের পক্ষে ছাত্রদলের লিফলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর ২নং ওয়ার্ডে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে ধানের শীষের পক্ষে লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক লিজন আলীর নেতৃত্বে এই লিফলেট বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। এসময় বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদলের নেতাকর্মীরা এলাকার সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের পক্ষে প্রচারণা চালান।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক লিজন আহম্মেদ, জজ কোর্টের সাবেক পিপি সাইদুর রাজ্জাক টোটন, সাবেক ইউপি সদস্য আসেদ আলী, বকুল মাস্টার, ওয়াসিম, বিপুল রানা, সুফিয়ান, শ্রাবণ, রাব্বিসহ বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

এ সময় বক্তারা বলেন, গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় ধানের শীষের কোনো বিকল্প নেই। তারা আসন্ন নির্বাচনে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরে দুটি ওয়ার্ডে মহিলা সমাবেশ

মেহেরপুর-১ আসনের বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মাসুদ অরুনকে বিজয়ী করার লক্ষ্যে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে ৫নং ওয়ার্ডের চক্রপাড়া ও ৪ নং ওয়ার্ডের হঠাৎপাড়া মোড়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়ন, মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, যুগ্ম আহবায়ক শিমুল বিশ্বাস।

এসময় ৪ ও ৫ নং ওয়ার্ডের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন৷

দর্শনায় বিএনপির বিশাল মিছিল ও সমাবেশ

চুয়াডাঙ্গার দর্শনা পৌর এলাকার ৬নং ওয়ার্ডের রামনগর গ্রামে স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের উদ্যোগে ধানের শীষ প্রতীকের প্রার্থী বাবু খানের সমর্থনে বিশাল মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫ টার সময় ৬ নং ওয়ার্ডের নির্বাচনী অফিস থেকে শুরু হয়ে দর্শনা পুরাতন বাজার মোড় ঘুরে একই স্থানে এসে মিছিলটি শেষ হয়।

মিছিলে নেতৃত্ব দেন, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক দর্শনা পৌর বিএনপি’র সাবেক সভাপতি হাফিজুল আলম মোল্লা, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিকদল চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম তরফদার সাবু, বিএনপি নেতা আজিজুল ইসলাম

মন্ডল, নজরুল ইসলাম মন্ডল, ভিপি হারুন, লুৎফর রহমান, নজির আহমেদ, রেজাউল ইসলাম, শওকত আলী লিটন, দর্শনা পৌর যুবদলের সহ-সাধারন সম্পাদক জাহান আলী, আবু সাঈদ, মুকুল হোসেন, সোহেল তরফদার, মজিবার রহমান, উথান আহমেদ, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের দর্শনা থানা শাখার সহ-সাধারন সম্পাদক মোরশেদুর রহমান লিঙ্কন, যুবদল নেতা আবদুল্লাহ আল মামুন, মুক্তার, বানচা মন্ডল, লিটন দাস, পলাশ কুমার দাস, শহিদুল ইসলাম প্রমুখ। সবশেষে মেমনগর বিডি হাইস্কুল চত্ত্বরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় শরিফুজ্জামান শরিফের নির্বাচনী প্রচারণায় মানুষের ঢল

আলমডাঙ্গার ভাংবাড়ীয়া ইউনিয়নের হাটবোয়ালিয়া হাটুভাঙ্গা আমতৈলপাড়া ২ নং ওয়ার্ড বিএনপি এলাকায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর উদ্যোগে ধানের শীষ প্রতীকের এক বিশাল র্যালি ও গনমিছিল অনুষ্ঠিত হয়েছে। র্যালিটি হাঁটুভাঙ্গা ব্রীজ পাড়া এলাকা থেকে শুরু হয়ে হাটবোয়ালিয়া বাজারসহ আশপাশের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

র্যালি চলাকালে পুরো এলাকা ধানের শীষ প্রতীকের স্লোগানে মুখরিত হয়ে ওঠে। স্লোগানের মাধ্যমে তারা আগামী জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষ প্রতীককে বিজয়ী করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। বিএনপিকে বিজয়ী করার মধ্য দিয়েই এই অঞ্চলে উন্নয়ন ও গণতন্ত্রের নতুন দিগন্ত উন্মোচিত হবে।

র্যালিতে বিএনপি’র অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের পাশাপাশি কৃষক, শ্রমিক, ব্যবসায়ী, যুবক ও বয়স্কসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

নারী ভোটারদের উপস্থিতিও ছিল চোখে পড়ার মতো। পুরো আয়োজন শান্তিপূর্ণ ও শৃঙ্খলাপূর্ণভাবে সম্পন্ন হয়।

স্থানীয় নেতাকর্মীরা বলেন, এই গণজোয়ার র্যালির মাধ্যমে ধানের শীষ প্রতীকের পক্ষে গণসংযোগ আরও জোরদার হলো।

তারা আশা প্রকাশ করেন, জনগণের এই অভূতপূর্ব সাড়া আগামী দিনে নির্বাচনী মাঠে বড় প্রভাব ফেলবে।

মাসুদ অরুন, আমজাদ হোসেনসহ ২২ জন পেলেন ধানের শীষ

মেহেরপুর-১ আসনের বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুন ও মেহেরপুর-২ আসনের বিএনপি মনোনীত প্রার্থী আমজাদ হোসেনসহ মোট ২২ জন প্রার্থীর হাতে ধানের শীষ প্রতীক তুলে দিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল সোমবার দুপুরে যশোর উপশহরের ক্রীড়া উদ্যানে আয়োজিত জনসভায় তিনি এসব প্রার্থীর নাম ঘোষণা করেন ও প্রতীক তুলে দেন।

সকাল থেকেই কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, মাগুরা, ঝিনাইদহ ও নড়াইল জেলা থেকে দলীয় প্রার্থীসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা- কর্মীরা মিছিল নিয়ে সমাবেশস্থলে আসতে শুরু করেন। বেলা ১২টার মধ্যেই জনসভাস্থল কানায় কানায় পূর্ণ হয়ে যায়। সমাবেশে তারেক রহমান যশোরসহ এই সাত জেলার বিএনপি মনোনীত প্রার্থীদের পরিচয় করিয়ে দেন।

মনোনীত প্রার্থীরা হলেন, মাসুদ অরুন (মেহেরপুর-১), মো. আমজাদ হোসেন (মেহেরপুর-২); মো. নুরুজ্জামান লিটন (যশোর-১), মোছাঃ সাবিরা সুলতানা (যশোর-২), অনিন্দ্য ইসলাম অমিত (যশোর-৩), মতিয়ার রহমান ফারাজী (যশোর-৪), রশীদ আহমদ (যশোর-৫), মো. আবুল হোসেন আজাদ (যশোর-৬); রেজা আহমেদ (কুষ্টিয়া-১), রাগীব রউফ চৌধুরী (কুষ্টিয়া-২), মো. জাকির হোসেন সরকার (কুষ্টিয়া-৩), সৈয়দ মেহেদী আহমেদ রুমী (কুষ্টিয়া-৪); মো. শরীফুজ্জামান (চুয়াডাঙ্গা-১), মাহমুদ হাসান খান (চুয়াডাঙ্গা-২); মো. মনোয়ার

হোসেন (মাগুরা-১), নিতাই রায় চৌধুরী (মাগুরা-২);

মো. আসাদুজ্জামান (ঝিনাইদহ-১), মো. আব্দুল মজিদ (ঝিনাইদহ-২), মোহাম্মদ মেহেদী হাসান (ঝিনাইদহ-৩), মো. রাশেদ খান (ঝিনাইদহ-৪); বিশ্বাস জাহাঙ্গীর আলম (নড়াইল-১) ও এ. জেড. এম. ফরিদুজ্জামান (নড়াইল-২)।

বিএনপির নেতারা জানান, জনসভা শেষে তারেক রহমান হেলিকপ্টারযোগে ঢাকায় ফেরেন। এর আগে তিনি খুলনায় আরেকটি নির্বাচনী জনসভায় বক্তব্য দেন।

মেহেরপুরের দুটি ওয়ার্ডে মাসুদ অরুনের পক্ষে নির্বাচনী প্রচারণা

মেহেরপুরের ৫ ও ২ নম্বর ওয়ার্ডে বিএনপির মনোনীত প্রার্থী মাসুদ অরুনের পক্ষে ধানের শীষ প্রতীকের নির্বাচনী প্রচারণা ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে এ দুই ওয়ার্ডে পৃথকভাবে এ প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হয়।

৫ নম্বর ওয়ার্ডে পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি আব্দুস সামাদের নেতৃত্বে অনুষ্ঠিত প্রচারণায় অংশ নেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। এ সময় জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক শিমুল বিশ্বাসসহ বিএনপি ও অঙ্গসংগঠনের স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অপরদিকে, ২ নম্বর ওয়ার্ডে অনুষ্ঠিত নির্বাচনী প্রচারণায় উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। এ সময় উপস্থিত ছিলেন পৌর ছাত্রদলের সভাপতি তৌফিক এলাহী, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদসহ বিএনপি ও ওয়ার্ড পর্যায়ের বিভিন্ন নেতাকর্মীরা অংশ নেন।